# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৮৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৬২]

৮। জুমু’আহ (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ ১০. (জুমু'আর) সালাতের পূর্বে দুটি খুতবাহ্ এবং এর মাঝে জালসাহ্ (বৈঠক) প্রসঙ্গে

باب ذِكْرِ الْخُطْبَتَيْنِ قَبْلَ الصَّلاَةِ وَمَا فِيهِمَا مِنَ الْجَلْسَةِ

আরবী

وَحَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، وَحَسَنُ بْنُ الرَّبِيعِ، وَأَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ يَحْيَى أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ سِمَاكٍ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ كَانَتْ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم خُطْبَتَانِ يَجْلِسُ بَيْنَهُمَا يَقْرَأُ الْقُرْآنَ وَيُذَكِّرُ النَّاسَ .

বাংলা

১৮৮০-(৩৪/৮৬২) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া, হাসান ইবনুর রাবী’ ও আবূ বকর ইবনু আবূ শায়বাহ (রহঃ) .... জাবির ইবনু সামুরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুটি খুতবাহ দিতেন, উভয় খুতবার মাঝখানে বসতেন এবং (খুতবায়) কুরআন পড়তেন এবং জনগণকে উপদেশ দিতেন*। (ইসলামী ফাউন্ডেশন ১৮৬৫, ইসলামীক সেন্টার ১৮৭২)

## English

Jabir b. Samura said:
The Apostle of Allah (ﷺ) gave two sermons between which he sat, recited the Qur'an and exhorted the people.

ফুটনোট

* খুতবাতে আল্লাহর প্রশংসা, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি দরূদ, সমবেত জনতার জন্য প্রয়োজনীয় নাসীহাত এবং দু'আ থাকতে হবে। এতদ্ভিন্নতা খুতবাহ হবে না। (মুসলিম শারহে নবাবী, ১ম খণ্ড ২৮৪ পৃষ্ঠা)

উল্লেখ্য যে, যে নসীহাত জনগণের বোধগম্য ভাষায় হয় না তা কিছুতেই খুতবাহ হবে না। আল্লাহ প্রত্যেক রসূলকে আপন জাতির ভাষার উপরই পাঠিয়েছেন যেন তাদের বর্ণনা দিয়ে বুঝাতে পারেন। (সূরাহ ইবরাহীম ১৪ঃ ৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48640

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন